**ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ**
**প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪)**
**৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।**
**হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট**

তারিখঃ ১৪ পৌষ ১৪২৯ / ২৯ ডিসেম্বর ২০২২

# প্রশাসনিক পরিপত্র নং- ৬১/২০২২

কর্পোরেশনের পরিচালনা বোর্ডের ২০ ডিসেম্বর ২০২২ তারিখের ৬২১তম সভায় 'ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) কর্মচারী বদলি/প্রেষণে নিয়োগ নীতিমালা, ২০২২' অনুমোদিত হয়েছে। পরিচালনা বোর্ড কর্তৃক অনুমোদিত 'ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) কর্মচারী বদলি/প্রেষণে নিয়োগ নীতিমালা, ২০২২' কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সকলের অবগতির জন্য এতৎসঙ্গে জারি করা হলো।

**(বিভাস সাহা)**
উপ-মহাব্যবস্থাপক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
২. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
৩. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
৮. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. অফিস কপি।

**অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

# ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি)
# কর্মচারী বদলি/প্রেষণে নিয়োগ নীতিমালা, ২০২২

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
প্রধান কার্যালয়, ঢাকা।

# ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
## প্রধান কার্যালয়, ঢাকা।

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) কর্মচারী বদলি/প্রেষণে নিয়োগ নীতিমালা, ২০২২

**১. প্রেক্ষাপটঃ**

কর্পোরেশনের কর্মচারীগণের পেশাগত দক্ষতা বৃদ্ধি, অভিজ্ঞতা অর্জন এবং কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও মানসম্মত সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে যুগোপযোগী বদলি নীতিমালা অপরিহার্য। বর্তমান কর্মস্থল থেকে বদলি আদেশ জারি করার পরও বদলিকৃত কর্মস্থলে যোগদান করতে অনীহা প্রকাশ, নতুন কর্মস্থলে যোগদান করতে কালক্ষেপণ ও বদলির আদেশ বাতিলের জন্য অযাচিত তদবির এর কারণে বিভিন্ন প্রকার প্রশাসনিক জটিলতা সৃষ্টিসহ কাজের গতি শ্লথ হয়। উপর্যুক্ত বিষয়গুলো বিবেচনা করে কর্পোরেশনের কর্মচারীগণের বদলি সংক্রান্ত বিষয়ে স্বচ্ছতা, জবাবদিহিতা আনয়ন এবং অধিকতর শৃঙ্খলা প্রতিষ্ঠার লক্ষ্যে এ নীতিমালা অনস্বীকার্য।

**২. সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তনঃ**

(ক) এ নীতিমালা ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) কর্মচারী বদলি/প্রেষণে নিয়োগ নীতিমালা, ২০২২ নামে অভিহিত হবে।

(খ) এ নীতিমালায় ব্যবহৃত শব্দ, অভিব্যক্তি, শর্তাবলী, অর্থ ও অন্তর্নিহিত তাৎপর্য ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ আইন, ২০১৪ (২০১৪ সনের ১২ নং আইন) ও ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ কর্মচারী চাকুরি প্রবিধানমালা, ২০২১ এ ব্যবহৃত অনুরূপ অর্থ বহন করবে।

(গ) এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

**৩. নীতিমালার প্রযোজ্যতাঃ**

এ নীতিমালা ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর সকল সার্বক্ষণিক কর্মচারীর জন্য প্রযোজ্য হবে, তবে সরকার বা স্থানীয় কর্তৃপক্ষ হতে প্রেষণে নিয়োজিত অথবা চুক্তি বা খন্ডকালীন ভিত্তিতে নিয়োজিত কর্মচারীগণের ক্ষেত্রে, এ নীতিমালার কোনো কিছু প্রযোজ্য বলে তাদের চাকুরির শর্তে স্পষ্টভাবে উল্লিখিত না থাকলে, প্রযোজ্য হবে না।

**৪. বদলি সংক্রান্ত বিবেচ্য বিষয়সমূহঃ**

(০১) সাধারণ নিয়মে একই কর্মস্থলে ০৩ (তিন) বছর বা তদূর্ধ্বকাল কর্মরত কর্মচারীগণ এক কর্মস্থল হতে অন্য কর্মস্থলে বদলীযোগ্য হবেন। পদোন্নতি উত্তর নিয়োগ ও শাস্তিমূলক বদলির ক্ষেত্রে উপরিউক্ত নিয়ম প্রযোজ্য হবে না। তবে, কর্পোরেশনের স্বার্থে কিংবা সঙ্গত কারণে ০৩ (তিন) বছরের কম সময়েও বদলি করা যাবে;

(০২) কোন কর্মচারী বদলিকৃত স্থান হতে অন্য স্থানে বদলি হওয়ার ইচ্ছা প্রকাশ করলে তাকে কর্মরত অফিসে ন্যূনতম ০২(দুই) বছর সক্রিয় চাকুরীর মেয়াদ পূর্ণ করতে হবে;

(০৩) বিশেষজ্ঞ ও কারিগরি ধরণের পদে যে সমস্ত কর্মচারী কর্মরত আছেন তাদের ক্ষেত্রে যথোপযুক্ত বিবেচনার পর ৪(১) নং অনুচ্ছেদে বর্ণিত নিয়ম শিথিল করা যেতে পারে;

(০৪) বদলির আদেশ পরিবর্তন, বাতিল বা বিলম্বকরণের জন্য তদবির করা হলে কর্তৃপক্ষ কর্তৃক সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথিতে তা অসদাচরণ হিসেবে রেকর্ড করা হবে, যা পরবর্তী পদোন্নতির সময় নেতিবাচক বিবেচনায় আনা হবে। প্রয়োজনে কর্তৃপক্ষ তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে পারবে;

(০৫) অবসর গ্রহণের বয়সে উপনীত হওয়ার ১ (এক) বছর পূর্বে কোন কর্মচারীকে (শৃঙ্খলাধীন ব্যবস্থা ব্যতীত) তাঁর পছন্দমত কর্মস্থলে বদলি করা যেতে পারে। এ সময় তদারকীমূলক কাজে নিয়োজিত রাখা যেতে পারে;

(০৬) কর্পোরেশনের কর্মচারীদের স্বামী অথবা স্ত্রী উভয়ই চাকুরীজীবী হলে কর্পোরেশনের স্বার্থ বজায় রেখে তাদেরকে একই কর্মক্ষেত্রে/এলাকায় বদলী যতদূর সম্ভব বিবেচনা করা যেতে পারে। তবে স্বামী ও স্ত্রী উভয়ই আইসিবি-তে কর্মরত হলে একই বিভাগে বদলি/পদেস্থাপন করা যাবে না। কর্তব্যরত স্বামী ও স্ত্রীকে যৌথস্বাক্ষরে পরিচালিত যে কোন চুক্তি সম্পাদন/ব্যাংক হিসাব পরিচালনার দায়িত্ব দেয়া যাবে না;

চলমান পাতা- ০২

(০৭) সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রত্যেক কর্মচারীর ডেস্ক সম্ভব হলে নিয়মিত পরিবর্তন করা যেতে পারে;

(০৮) গ্রেড-১১ হতে গ্রেড-২০ ভুক্ত কর্মচারীগণকে বদলির ক্ষেত্রে তার নিজ বিভাগ/জেলাকে অগ্রাধিকার দেয়া যেতে পারে;

(০৯) বৎসরের এমন সময় বদলির আদেশ জারি করা সমীচীন হবে যাতে কর্মচারীদের সন্তানদের লেখাপড়া বিঘ্নিত না হয়। তবে পদোন্নতি ও শাস্তিমূলক বদলির ক্ষেত্রে এ নিয়ম প্রযোজ্য হবে না। কোন বদলির আদেশ শিক্ষাবর্ষের গুরুত্বপূর্ণ সময় প্রদান করা হলে অথবা অন্য কোন প্রশাসনিক কারণে কর্তৃপক্ষ বদলির আদেশের কার্যকারিতা সাময়িকভাবে স্থগিত রাখতে পারবে। তবে কোন বদলির আদেশ বাতিল করা যাবে না;

(১০) কোন কর্মচারী মিউচ্যুয়াল বদলির আবেদন করলে যদি কর্পোরেশনের স্বার্থ ক্ষুন্ন না হয় তাহলে সেক্ষেত্রে বিবেচনা করা যাবে। তবে, কোন কর্মস্থলে ২ বছর চাকুরী পূর্ণ না হলে এ ধরণের আবেদন করা যাবে না। কোন কর্মচারীর নিজ আবেদনক্রমে বদলি করা হলে সংশ্লিষ্ট কর্মচারী বদলিজনিত কোন ভ্রমণ ভাতা পাবেন না;

(১১) বদলি আদেশে নির্ধারিত সময়ের মধ্যে ছাড়পত্র প্রদান করতে হবে। এক্ষেত্রে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ কর্মচারী চাকুরি প্রবিধানমালা, ২০২১ এর ৭ নং অনুচ্ছেদের ব্যাখ্যা প্রযোজ্য হবে। বদলি আদেশে নির্ধারিত সময়ের মধ্যে ছাড়পত্র প্রদান না করা হলে সংশ্লিষ্ট ডিভিশন/ডিপার্টমেন্ট/ইউনিট/সেল/শাখা প্রধান দায়ী হবেন এবং এক্ষেত্রে তাঁর বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা যাবে;

(১২) একই অফিস আদেশের মাধ্যমে এক ডিভিশন/ডিপার্টমেন্ট/ইউনটি/সেল/শাখা হতে অধিক সংখ্যক কর্মচারী অন্যত্র বদলি/পদোস্থাপন না করে ধাপে ধাপে এবং যৌক্তিক সময়ের ব্যবধানে বদলি/পদায়নের বিষয়টি বিবেচনা করা যেতে পারে;

(১৩) প্রতিবন্ধি ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ এর ৩ ধারায় সংজ্ঞায়িত প্রতিবন্ধিদের ক্ষেত্রে অগ্রাধিকার ভিত্তিতে বদলির বিষয়টি বিবেচনা করা যেতে পারে। কর্মচারীদের সন্তান প্রতিবন্ধি হলেও এই বিষয়টি বিবেচনা করা যেতে পারে;

(১৪) কোন কর্মচারী চাকুরীরত অবস্থায় জীবনঘাতি ব্যাধিতে আক্রান্ত হলে উক্ত কর্মচারীর চিকিৎসা সংক্রান্ত কাগজপত্রাদি যাচাই সাপেক্ষে চিকিৎসার সুবিধার্থে সুবিধাজনক স্থানে বদলি করা যেতে পারে;

(১৫) নবনিয়োগপ্রাপ্ত কর্মচারীদের পদায়নের ক্ষেত্রে কর্মচারীর শিক্ষাগত যোগ্যতা, চাকুরীর বাছাই পরীক্ষার ক্রম, বুনিয়াদি প্রশিক্ষণের ফলাফল ইত্যাদি এর ভিত্তিতে পদায়ন করা যেতে পারে;

(১৬) আর্থিক অনিয়ম বা সততা ও সুনামের ঘাটতি না থাকলে কোনো কর্মচারীকে বর্তমান কর্মস্থলের অব্যবহিত পূর্ববর্তী কর্মস্থলে পুনঃবদলি করা যেতে পারে। অর্থাৎ একই কর্মস্থলে, বিশেষ প্রয়োজনে একাধিকবার বদলি করা যেতে পারে।

**৫. শাখাসমূহে বদলি সংক্রান্ত বিবেচ্য বিষয়সমূহঃ**

(০১) শাখা প্রধান হিসেবে পদেস্থাপনের সময় সংশ্লিষ্ট কর্মচারীর বিগত বছরের কর্মকান্ড মূল্যায়ন করতে হবে। উত্তম মূল্যায়নের অধিকারি কর্মচারীদেরকে শাখা ব্যবস্থাপক হিসেবে বদলির অগ্রাধিকার প্রদান করতে হবে;

(০২) কর্মচারীদেরকে এমনভাবে বদলি করতে হবে যাতে সকল কর্মচারী পর্যায়ক্রমে শাখা পর্যায়ে সকল ধরণের কার্যক্রমে অভিজ্ঞতা অর্জন করতে পারে;

(০৩) একনাগাড়ে দীর্ঘদিন একই শাখায় কর্মরতদের উক্ত শাখা ভিন্ন অন্য শাখা বা প্রধান কার্যালয়ে বদলির বিষয়টি অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করতে হবে;

(০৪) অনিয়মের জন্য শাস্তিপ্রাপ্ত (গুরু দন্ডপ্রাপ্ত) কোন কর্মচারীকে শাস্তির মেয়াদান্তে অন্ততঃ ৫(পাঁচ) বছর পর্যন্ত শাখা প্রধান হিসেবে নিয়োগ করা যাবে না।

**৬. প্রেষণ ও পূর্বস্বত্বে নিয়োগ সংক্রান্ত বিবেচ্য বিষয়সমূহঃ**

(০১) প্রেষণ ও পূর্বস্বত্বে নিয়োগের ক্ষেত্রে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ কর্মচারী চাকুরি প্রবিধানমালা, ২০২১ এ বর্ণিত বিধি-বিধান ও সরকারি বিধি-বিধান প্রযোজ্য হবে;

(০২) প্রেষণে নিয়োজিত কর্মচারী ৩ বছরের অধিক সময় প্রেষণে নিয়োজিত থাকবেন না। তবে, বিশেষ বিবেচনায় এই সময় প্রথম বারে অতিরিক্ত ১ বছর অর্থাৎ ৪ বছর করা যেতে পারে। একাধারে পরপর দুইবার প্রেষণে নিয়োগ করা যাবে না, তবে, সমগ্র চাকুরী জীবনে সর্বোচ্চ ৬ বছর প্রেষণে নিয়োগ করা যেতে পারে;

(০৩) সাবসিডিয়ারি কোম্পানিতে অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে প্রেষণে নিয়োগের ক্ষেত্রে কর্পোরেশনের উপ-মহাব্যবস্থাপক হিসেবে পদোন্নতি নিশ্চিতকরণের পর বিবেচিত হবে;

(০৪) সাবসিডিয়ারি কোম্পানিতে উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে প্রেষণে নিয়োগের ক্ষেত্রে কর্পোরেশনের সহকারী মহাব্যবস্থাপক হিসেবে পদোন্নতি নিশ্চিতকরণের পর বিবেচিত হবে;

(০৫) দাপ্তরিক কাজে পারদর্শিতা ও ইংরেজি ভাষাগত দক্ষতাতে অগ্রাধিকার প্রদান করা হবে;

(০৬) কর্পোরেশনের সাংগঠনিক কাঠামোতে সাবসিডিয়ারি কোম্পানিসমূহের জন্য পদবি অনুযায়ী সংরক্ষিত পদের বিপরীতে প্রেষণে পদায়ন করা হবে।

চলমান পাতা- ০৩

**৭. বিবিধঃ**

আলোচ্য কর্মচারী বদলি নীতিমালায় যে সকল বিষয়ে বিধান রাখা হয়নি অথবা নীতিমালার বিধান প্রয়োগের ক্ষেত্রে বা এর ব্যাখ্যার ক্ষেত্রে যদি কোনো অসুবিধা দেখা দেয়/ব্যাখ্যার প্রয়োজন হয় তবে সে সকল বিষয়ে সরকারি কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য বিধিমালা/আদেশ কর্পোরেশনের ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

**৮. রহিতকরণ ও হেফাজতঃ**

(১) এ নীতিমালা প্রবর্তনের সঙ্গে সঙ্গে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (কর্মকর্তা/কর্মচারী) বদলি নীতিমালা, ২০১০ রহিত হবে;

(২) উক্ত রহিতকরণ সত্ত্বেও রহিতকৃত নীতিমালার অধীনকৃত কার্যাদি, গৃহীত ব্যবস্থা বা কার্যধারাসমূহ বৈধভাবে কৃত বা গৃহীত হয়েছে বলে গণ্য হবে এবং এ নীতিমালা জারির তারিখে অনিষ্পন্ন কার্যাদি, যতদূর সম্ভব, আলোচ্য নীতিমালার অধীন নিষ্পন্ন হবে।